# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 15-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

১) বাল্যবিবাহ এবং নারী নির্যাতন মামলার অপরাধীদের উপযুক্ত শাস্তি প্রদানের জন্য কঠোর পদক্ষেপ গ্রহণ করতে শিবসাগরের আদালত ভবণ উদ্বোধন করে আইনজীবিদের প্রতি মুখ্যমন্ত্রীর আহ্বান ।

২) বরাক উপত্যকায় এই প্রথমবার বাংলায় সাহিত্য একাডেমী পুরষ্কার পেলেন শিলচরের ডক্টর সুতপা চক্রবর্তী ।

৩) ডিমাহাসাও হিল সেকশনে ভারী বৃষ্টিপাতের পরিপ্রেক্ষিতে আবহাওয়া বিভাগের জারী করা রেড এলার্টের জন্য এই সেকশনের বেশ কয়েকটি ট্রেন বাতিল এবং সময়সূচি পরিবর্তীত / শিলচর রেল ষ্টেশনে ট্রেনে কাটা পড়ে এক যুবকের মৃত্যু ।

৪) শ্রী টেসম পংগতে অরুণাচল প্রদেশ বিধানসভার নতুন অধ্যক্ষ । অরুণাচল প্রদেশ মন্ত্রীসভার দপ্তর বিতরণ ।

---------------------------------------------------------------------------

বাল্যবিবাহ ও নারী নির্যাতনের ঘটনায় জড়িত মামলাগুলির অপরাধী যাতে রেহাই না পায় তার জন্য আইনজীবিদের উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করতে

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আহ্বান জানিয়েছেন । তিনি শিবসাগর জেলার বিষ্ণুনগরে নবনির্মিত আদালত ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করে সমগ্র রাজ্য আইনী পরিকাঠামো উন্নত করার জন্য সরকারের দায়বদ্ধতার ওপর গুরুত্ব আরোপ করেন । তিনি আইনজীবিদের নতুন ন্যায় সংহিতা দর্শন সহ জনসাধারণকে দ্রুত সেবা প্রদানের ক্ষেত্রে ব্রতী হবার আহ্বান জানান । সরকারের জন্য যাতে কোনো ধরণের মামলার নিষ্পত্তির প্রক্রিয়াটি বিলম্ব না হয় তার জন্যও সরকার ব্যাবস্থা গ্রহণ করেছে বলে তিনি মন্তব্য করেন ।

-------------------------------------------------------------------------

বাংলার তৃতীয় ভুবন এই বরাক উপত্যকায় বাংলা সাহিত্যের গৌরবময় ইতিহাসের পথ ধরে এই প্রথমবার বাংলায় সাহিত্য অ্যাকাদেমি- যুব পুরস্কার পেলেন শিলচরের সাহিত্যকর্মী ও কবি ডঃ সুতপা চক্রবর্তী । ২০২২ সালে কোলকাতা বইমেলায় প্রকাশিত তার 'দেরাজে হলুদ ফুল, গতজন্ম' কবিতার বইটির জন্য সাহিত্য অ্যাকাদেমি যুব পুরস্কার পেলেন শ্রীমতি চক্রবর্তী । বরাক উপত্যকা তথা সমগ্র আসামে বাংলায় সাহিত্য অ্যাকাদেমি যুব পুরস্কার পাওয়ার জন্য বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের পক্ষ থেকে তাকে অভিনন্দন জানানো হয়েছে। সম্মেলনের সহ-সভাপতি ইমাদ উদ্দিন বুলবুল এই বিষয়ে বলেছেন যে- এই পুরস্কার একাদশ শহিদের ভূমিকে গৌরবান্বিত করেছে । বরাকের সাহিত্য মহলে তার এই প্রাপ্তিতে ডঃ চক্রবর্তীকে অভিনন্দন জানানো হচ্ছে ।

করিমগঞ্জ জেলায় জন্মগ্রহণ করা সুতপা করিমগঞ্জ কলেজ থেকে স্নাতক হওয়ার পর আসাম বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ও পি এইচ ডি ডিগ্রি অর্জন করেন । বর্তমানে বহুদিন ধরে শিলচরের বাসিন্দা ডঃ চক্রবর্তীর তিনটি কবিতার বই ইতিমধ্যে প্রকাশিত হয়েছে । এরমধ্যে 'মায়াবিদ্যা সনেট শতক' এবং 'ভ্রমর যান' নামের সিলেটি কবিতার বই রয়েছে । তার এই পুরস্কার পাওয়া নিয়ে বলতে গিয়ে ডঃ চক্রবর্তী আকাশবাণীকে জানিয়েছেন যে- অতন্দ্র যুগের থেকে এই উপত্যকার কবিতার ধারার বহমান ঐতিহ্য রয়েছে । তার এই পুরস্কার প্রাপ্তিতে সন্তোষ প্রকাশ করে তিনি বলেন যে- তিনি এই পুরস্কার পেয়ে খুব খুশি ।

এছাড়া শিশু সাহিত্য পুরস্কারের জন্য অসমীয় ভাষার ‘বিপন্ন বিস্ময়’ বইটির জন্য আসামের রঞ্জু হাজারিকাকে পুরস্কৃত করা হচ্ছে । এদিকে অসমীয়া ভাষার যুব সাহিত্য পুরস্কার পেয়েছেন- নয়নজ্যোতি শর্মা । তার বইয়ের নাম হচ্ছে- ‘জাল কটা জুই’ ।

--------------------------------------------------------------------------------

আবহাওয়া দপ্তর লামডিং-বদরপুর হিল সেকশনের ডিমা-হাসাও এলাকায় আগামী দুই দিনের জন্য রেড এলার্ট জারী করেছে । ডিমা- হাসাও এলাকায় অবিরাম বৃষ্টিপাতের ফলে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে এই সেকশন হয়ে চলাচল করা কয়েকটি ট্রেন বাতিল এবং কয়েকটির সময় পুর্ননির্ধারণ করেছে । এর পরিপ্রেক্ষিতে আজকের গুয়াহাটি-দুল্লভছড়া এক্সপ্রেস, রঙিয়া-শিলচর এক্সপ্রেস এবং শিলচর-তিনসুকিয়া এক্সপ্রেস এই তিনটি ট্রেনের যাত্রা বাতিল করা হয় । এছাড়া আগামীকালের গুয়াহাটি-শিলচর-গুয়াহাটি এক্সপ্রেস, দুল্লভছড়া-গুয়াহাটি-দুল্লভছড়া এক্সপ্রেস, রঙিয়া-শিলচর-রঙিয়া এক্সপ্রেস এবং নিউ তিনসুকিয়া-শিলচর এক্সপ্রেস ট্রেনগুলির যাত্রাও বাতিল করা হয়েছে। অন্যদিকে আজ সন্ধ্যে সাতটার আগরতলা-দেওঘর এক্সপ্রেস ট্রেনের যাত্রার সময় পরিবর্তন করে আজ রাত দেড়টায় করা হয়েছে ।

এদিকে আজ সকালে তারাপুর রেল স্টেশনে ট্রেনে কাটা পড়ে এক যুবকের মৃত্যু হয়েছে । প্রাপ্ত সূত্রে জানা গেছে যে- আজ সকালে রেললাইনের উপর দিয়ে যাওয়ার সময় শিলচর-মহিশাসন ট্রেনের নীচে যুবকটি পড়ে যায় । এবং সঙ্গেসঙ্গে ঘটনাস্থলেই তার মৃত্যু হয় । স্থানীয় লোকেরা বিষয়টি দেখে তৎক্ষণাৎ রেল পুলিশকে খবর দেন । পরে রেল পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্যে শিলচর মেডিকেল কলেজে পাঠিয়েছে । তবে মৃত যুবকটির পরিচয় এখনো পাওয়া যায়নি ।

--------------------------------------------------------------------------------

দক্ষিণ ত্রিপুরা এবং আসামের যোরহাট জেলার জনসাধারণের দীর্ঘ দিনের দাবীর পরিপ্রেক্ষিতে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে শিয়ালদহ - আগরতলা - শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের পরিষেবা আগরতলা থেকে সাব্রুম পর্যন্ত এবং

আলিপুরদুয়ার জংশন - লামডিং - আলিপুরদুয়ার জংশন ইন্টারসিটি এক্সপ্রেসের পরিষেবা লামডিং থেকে মরিয়ানি পর্যন্ত সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছে । এই সিদ্ধান্ত আগামীকাল থেকে কার্যকর করা হবে ।

এই অনুসারে শিয়ালদহ - সাব্রুম কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস আগামীকাল থেকে সপ্তাহের প্রত্যেক মঙ্গলবার , বৃহস্পতিবার শুক্রবার ও রবিবার সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে শিয়ালদহ থেকে রওয়ানা দিয়ে প্রত্যাক বুধবার , শুক্রবার , শনিবার ও সোমবার রাত ৮টায় সাব্রুম পৌছবে । একই ভাবে সাব্রুম - শিয়ালদহ এক্সপ্রেস আগামী ১৮ জুন থেকে সপ্তাহের প্রত্যেক মঙ্গলবার , বৃহস্পতিবার , শনিবার ও রবিবার সন্ধ্যা ৬টা ২০ মিনটে সাব্রুম থেকে রওয়ানা দিয়ে প্রত্যেক বুধবার , শুক্রবার রবিবার ও সোমবার সন্ধ্যা ৭টা ২০ মিনিটে শিয়ালদহ পৌছবে । এই সম্প্রসারণের ফলে দক্ষিণ ত্রিপুরার যাত্রীরা বিশেষভাবে উপকৃত হবেন ।

---------------------------------------------------------------------------

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তি বাতিল হওয়া ছাত্রছাত্রীদের অর্থ চলতি বছরের ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সম্পূর্ণ ফিরিয়ে দিতে হবে । বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ-(ইউ জি সি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের নতুন মাশুল প্রত্যার্পণ নীতি অনুসারে এই বিষয়ে ঘোষণা করেছে। উল্লেখ্য- ছাত্রছাত্রী ও অভিভাবকরা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ভর্তি বাতিল অথবা প্রত্যাহারের পর মাশুল ফিরিয়ে না দেওয়া সম্পর্কে অভিযোগ উত্থাপন করার পরিপ্রেক্ষিতে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- কেন্দ্রীয় ও রাজ্য আইনের অধীনে সকল উচ্চশিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান, ডিম্‌ড বিশ্ববিদ্যালয় এবং ভর্তি সংক্রান্ত পরামর্শ প্রদানের সঙ্গে জড়িত সংস্থা সমূহের ক্ষেত্রে এই নীতি প্রযোজ্য হবে । ইউ জি সি আরো জানিয়েছে যে- চলতি বছরের ৩০ শে সেপ্টেম্বরের পর থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত সর্বাধিক এক হাজার টাকা প্রোসেসিং ফি হিসেবে কেটে নেওয়ার পর বাকি টাকাগুলি ফিরিয়ে দিতে হবে

---------------------------------------------------------------------------

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং কৃষি এবং কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী মঙ্গলবার বারানসি

থেকে প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি প্রকল্পের অধীনে ৯ কোটি ৩ লক্ষ কৃষকের ব্যাঙ্ক একাউন্টে ২০ হাজার কোটি টাকা হস্তান্তর করবেন । নতুন দিল্লীতে আজ সাংবাদিকদের এ কথা জানিয়ে শ্রী চৌহান বলেছেন এর আগে গত দশ বছরে এই প্রকল্পের অধীনে কৃষকদের একাউন্টে ৩ লক্ষ কোটি টাকা প্রদান করা হয়েছে । তিনি আরো জানিয়েছেন যে দেশের সব মুখ্যমন্ত্রীদের এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে কেন্দ্রীয় কৃষি দপ্তরের পক্ষ থেকে পত্র প্রেরণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

শ্রী টেসম পংগতে আজ অরুণাচল প্রদেশের অষ্টম বিধানসভার অধ্যক্ষ হিসেবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বচিত হয়েছেন । অধ্যক্ষ নির্বাচিত হয়ে শ্রী পংগতে বলেন যে তিনি এই পদের মর্যাদা এবং গণতান্ত্রিক পরম্পরা অক্ষুন্ন রেখে দায়িত্ব পালন করে যাবেন ।

এদিকে মুখ্যমন্ত্রী পেমা খান্ডু আজ মন্ত্রীসভার সদস্যদের মধ্যে দপ্তর বিতরণ করেন । ১২ সদস্য বিশিষ্ট এবারের মন্ত্রীসভায় ৯ জন নতুন মন্ত্রী রয়েছেন । উপ-মুখ্যমন্ত্রী সিনা মেইনকে অর্থ , পরিকল্পনা ও বিনিয়োগ তথা শক্তি বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । অরুণাচল প্রদেশ বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ পাশাং দর্জী সোনককে শিক্ষা এবং গ্রামোন্নয়ন , বিউরাম বাহাগকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ , ওয়াংকি লংকে পরিবেশ ও বন বিভাগের দায়িত্বভার অর্পন করা হয়েছে । একই ভাবে দাসাংলু পুলকে মহিলা ও শিশু বিকাশ , সাংস্কৃতিক পরিক্রমা বিজ্ঞান এবং প্রযুক্তি বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------

উজান আসামের ডিব্রুগড়, তিনসুকিয়া, ধেমাজি ইত্যাদি জেলাগুলির কাজকর্ম সূচারু রূপে সম্পন্ন করার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রীর সচিবালয়ের সমান্তরালভাবে ডিব্রুগড় জেলায় ক্ষুদ্র সচিবালয় স্থাপনের কাজকর্ম চলছে । গতকাল এই কাজের অগ্রগতির বিষয়ে খোঁজখবর নিয়ে পরে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন যে- প্রশাসনিক ব্যবস্থাকে রাজ্যের জনসাধারণের আরো কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে আসাম সরকারের জারী রাখা প্রয়াসের অংশ হিসেবে এই ক্ষুদ্র সচিবালয় স্থাপন করা

হচ্ছে । আগামী ১৫ ই আগস্টের মধ্যে এর কাজ সম্পূর্ণ করতে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দিয়েছেন ।

-------------------------------------------------------------------------------

আসন্ন দশম আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে আজ শিলচর গান্ধী ভবনে জেলা প্রশাসনের উদ্যোগে ও জেলা স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় এবং পালংঘাট শিব দুর্গা ক্লাবের ব্যবস্থাপনায় জেলা ভিত্তিক যোগাশন প্রতিযোগিতার আয়োজন করা হয় । মোট ৪টি বিভাগে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় ৪২ প্রতিযোগি জন অংশ গ্রহণ করেন । কাছাড়ের অতিরিক্ত জালা আয়ুক্ত ডক্টর খালেদা সুলতানা আহমেদ প্রদীপ প্রজ্জোলন করে আজকের এই অনুষ্ঠানের শুভ সূচনা করেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে অতিরিক্ত আয়ুক্ত জোনালী দেবী , জেলার আয়ুষ শাখার নডেল অফিসার ডক্টর মৃদুল দেউরী , শিবদূর্গা ক্লাবের লালন প্রসাদ গোয়ালা প্রমুখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় ইদ-উদ-জোহা উৎসব সুষ্ঠুভাবে পালনের উদ্দেশ্যে জেলার বিভিন্ন এলাকায় ম্যাজিস্ট্রেট নিয়োজিত করা হয়েছে এবং সেইসব এলাকায় আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে । সে অনুযায়ী শিলচরের বিভিন্ন পুলিশ স্টেশন এলাকার জন্য সার্কেল অফিসার অরুনজ্যোতি দাসকে নিয়োজিত করা হয়েছে । অনুরূপভাবে তারাপুর শ্রীকোণা এলাকার জন্য সহকারী কমিশনার জোনালী দেবী , ওপি রাঙ্গিরখাড়ি টপ , এনআইআই পিপি, ঘুঙ্গুর ওপি এলাকার জন্য সহকারী কমিশনার লক্ষ্যজিৎ গগৈ ,রংপুর পি পি ,মালুগ্রাম টপ এর আওতাধীন এলাকার জন্য সহকারী কমিশনার বহ্নিখা চেতিয়া , সোনাই , কচুদরম ও ধলাই থানা এলাকার জন্য সার্কেল অফিসার মারিয়া তানিম ও সার্কেল অফিসার সিদ্ধার্থ কুমার ,কাটিগড়া থানা এলাকায় সার্কেল অফিসার ডা:রবার্ট টিউলোর এবং উধারবন্দ ও বরখলা থানা এলাকায় সার্কেল অফিসার ঋতুরাজ বরদলৈ কে নিয়োজিত করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় আসন্ন  ইদ-উদ-জোহা উৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলাআয়ুক্তের কার্যলয়ের সভাকক্ষে

এক বৈঠক অনুষ্ঠিত হয় । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে অতিরিক্ত জেলা আয়ুক্ত ধ্রুবজ্যোতি পাঠক ,অতিরিক্ত পুলিশ সুপার প্রতাপ দাস ,অমৃতরাজ চৌধুরী সহ জেলার বিভিন্ন ইদগাহ ও মসজিদ কমিটির কর্মকর্তারা অংশগ্রহণ করেন ।করিমগঞ্জের সার্কেল অফিসার জয় ক্রিস্টিনা এনগামলাই বিগত বছরের ইদ-উদ-জোহা উৎসব উদযাপনের জন্য গ্রহণ করা বিভিন্ন সিদ্ধান্তের কার্যসূচী বৈঠকে পাঠ করেন । বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব শান্তিপূর্ণভাবে ইদ-উদ-জোহা উৎসব উদযাপনের জন্য সবাইকে নিয়ম নীতি মেনে চলার আহ্বান জানান । সে অনুযায়ী কোরবানি কোনো প্রকাশ্য স্থানে না করা , কোরবানির বর্জ্য গভীর গর্ত খুঁড়ে পুতে ফেলা , কোরবানির মাংস পরিবহন না করে ওই স্থানেই নিজেদের মধ্যে বিতরণ করা ইত্যাদি রয়েছে । এছাড়া বৈঠকে বৈধ কাগজ থাকা কোনো পশু পরিবহনের গাড়ী জনসাধারণকে বাধা না দিতে জেলা প্রশাসন থেকে আহ্বান জানানো হয় এবং এ বিষয়ে ব্যাবস্থা গ্রহণের জন্য জেলা আয়ুক্ত পুলিশ বিভাগকে নির্দেশ দেন । এদিকে এই উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে করিমগঞ্জ জেলায় আইন শৃঙ্খলা সম্পর্কীত কোনো বার্তা প্রেরণ করতে ২৪ ঘন্টা খোলা থাকা একটি কন্ট্রোল রুম রয়েছে ,এর নম্বর হচ্ছে ৮০৯৯৬৬২২৭৫। বৈঠকে ইদুজ্জোহা উৎসব যাতে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় তার জন্য ইদগাহ কমিটিগুলির পক্ষ থেকে পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে বলে জানানো হয় ।

---

করিমগঞ্জ পুলিশের একটি দল আজ গোপন সূত্রের ভিত্তিতে রাতারাড়ি থানা এলাকায় অভিযান চালিয়ে নগদ ৫০ লক্ষ টাকা সহ কানাড়া ব্যাঙ্কের ম্যানেজার সহ মোট ৭ জনকে গ্রেপ্তার করেছে । ধৃত ব্যাক্তিরা দুহাজার টাকার নোট ২৫ শতাংশ কমিশন নিয়ে ব্যাবসা চালিয়ে আসছিল । আটক করা ব্যাক্তিরা হলেন হাইলাকান্দি কানাড়া ব্যাঙ্কের ম্যানেজার জিসরাম ডেকা , লোন অফিসার রকিবুল হাসান , দীপজ্যোতি বড়ুয়া , আনোয়ার হুসেইন , শরীফ আলম খান প্রমুখ ।

---

হাইলাকান্দি শহরের এস এস রোডে গত ২৭ মে উধারবন্দ থানার দুর্গানগর চতুর্থ খন্ডের বাসিন্দা আফজল হুসেন বড়ভূইয়া নিহত হওয়া সম্পর্কে ম্যাজিষ্ট্রেট পর্যায়ের সাক্ষ্যদান আগামী ১৯ জুন অনুষ্ঠিত হবে । তদন্তকারী ম্যাজিষ্ট্রেট অমিত পারবসা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে এই ঘটনার প্রত্যক্ষদর্শী অথবা নিহত আফজল হুসেনের কোন নিকটাত্মীয় এই ঘটনা সম্পর্কে সাক্ষ্য দিতে চাইলে আগামী ১৯ জুন বেলা ১১টা থেকে দুপুর ২টো পর্যন্ত হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট কার্যালয়ে উপস্থিত হয়ে সাক্ষ্য প্রদান করতে পারবেন ।

---------------------------------------------------------------------------